

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৫২

া আরবি মূল আয়াত:

إذ دَخَلُوا عَلَيهِ فَقَالُوا سَلْمًا ١٠ قَالَ إِنَّا مِنكُم وَجِلُونَ ﴿٥٢﴾

যখন তারা তার নিকট প্রবেশ করল, অতঃপর বলল, 'সালাম'। সে বলল, 'আমরা নিশ্চয় তোমাদের ব্যাপারে শক্ষিত'। — আল-বায়ান

তারা যখন তার কাছে উপস্থিত হল তখন তারা বলল, 'তোমার প্রতি সালাম।' তখন সে বলল, 'তোমাদের দেখে আমরা শংকিত।' — তাইসিরুল

যখন তারা তার নিকট উপস্থিত হয়ে বললঃ 'সালাম' তখন সে বলেছিলঃ আমরা তোমাদের আগমনে আতংকিত।

— মুজিবুর রহমান

When they entered upon him and said, "Peace." [Abraham] said, "Indeed, we are fearful of you." — Sahih International

৫২. যখন তারা তার কাছে উপস্থিত হয়ে বলল, সালাম, তখন তিনি বললেন, নিশ্চয় আমরা তোমাদের ব্যাপারে শংকিত।

তাফসীরে জাকারিয়া

- (৫২) যখন তারা (ফিরিশতারা) তার নিকট উপস্থিত হয়ে বলল, 'সালাম', তখন সে বলেছিল, 'আমরা তোমাদের আগমনে ভীত-সন্তুস্ত।' [1]
 - [1] ইবরাহীম (আঃ) ফিরিশতাগণ থেকে এই জন্যই ভয় পেয়েছিলেন, যেহেতু তাঁরা তাঁর পেশকৃত বাছুরের ভুনা গোশত ভক্ষণ করেননি। যেমন সূরা হূদে (৬৯-৭০ আয়াতে) বিস্তারিতভাবে আলোচিত হয়েছে। এর থেকে এ কথা পরিষ্কার যে আল্লাহর সম্মানিত রসূলগণও গায়বের খবর জানতেন না। যদি নবীগণ গায়েব জানতেন তাহলে ইবরাহীম (আঃ) বুঝতে পারতেন যে, আগত অতিথিগণ ফিরিশতা, যাঁদের জন্য খাবার প্রস্তুত করার প্রয়োজন নেই। কারণ ফিরিশতাগণ মানুষের মত পানাহারের মুখাপেক্ষী নন।

তাফসীরে আহসানল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1854

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন